

হ্যান্ডবলে চ্যাম্পিয়ন ভান্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়



■ পিরোজপুর অফিস
ভান্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয় ৪৫তম জাতীয় স্কুল-মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় জেলা পর্যায় হ্যান্ডবলে চ্যাম্পিয়ন এবং ফুটবলে রানার্সআপ হয়েছে। গতকাল সোমবার ও গত রবিবার পিরোজপুর জেলা স্টেডিয়ামে এ খেলা অনুষ্ঠিত হয়।

হ্যান্ডবল ফাইনালে মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয় ২-১ গোলে মঠবাড়িয়া হাতেম আলী মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

অন্যদিকে ফুটবলে হাতেম আলীর সঙ্গে ১-০ গোলে পরাজিত হয়ে রানার্সআপ হয় মজিদা বেগম। পিরোজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মোস্তাফিজুর রহমান প্রধান অতিথি হিসাবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।